মেহেরপুরের তিনটিসহ ৪৯৫ উপজেলা চেয়ারম্যান অপসারণ

মেহেরপুর সদর উপজেলা চেয়ারম্যান আনারুল ইসলাম, গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক ও মুজিবনগর উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলুসহ ৪৯৫ উপজেলা চেয়ারম্যানকে অপসারণ করে পৃথক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

গতকাল রোববার (১৮ আগস্ট) স্থানীয় সরকার বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

এছাড়া আওয়ামী সরকারের আমলে নির্বাচিত ৩২৩ পৌরসভার মেয়র ও ৬০ জেলা পরিষদ চেয়ারম্যানকে অপসারণ করে প্রজ্ঞাপন জারি করেছে স্থানীয় সরকার বিভাগ।

১৬ আগস্ট সরকারি এক তথ্য বিবরণীতে জানানো হয়, বিশেষ পরিস্থিতিতে অত্যাবশ্যক বিবেচনা করলে সরকার জনস্বার্থে কোনো সিটি করপোরেশন ও পৌরসভার মেয়র এবং কাউন্সিলরকে অপসারণ করতে পারবে। একইভাবে জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্য এবং উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের অপসারণ করতে পারবে। একই সঙ্গে এগুলোতে প্রশাসক নিয়োগ দিতে পারবে সরকার।

এমন বিধান রেখে ‘স্থানীয় সরকার (সিটি করপোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ ’, ‘স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ ’, ‘জেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪’ ও ‘উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪’–এর খসড়া অনুমোদন করেছে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ।

মেহেরপুর ও গাংনীসহ ৩২৩ পৌর

মেয়র অপসারণ

মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলীসহ দেশের ৩২৩ পৌরসভার মেয়রকে অপসারণ করে প্রজ্ঞাপন জারি করেছে স্থানীয় সরকার বিভাগ। এসকল মেয়রগণ বিগত আওয়ামী লীগ সরকারের আমলে নির্বাচিত হয়েছিলেন।

গতকাল রবিবার (১৮ আগস্ট) উপসচিব মো. মাহবুব আলম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনের মাধ্যমে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ৩২(ক) প্রয়োগ করে বাংলাদেশের নিম্নবর্ণিত পৌরসভার মেয়রগণকে স্ব স্ব পদ হতে অপসারণ করা হলো।

১৬ আগস্ট সরকারি এক তথ্য বিবরণীতে জানানো হয়, বিশেষ পরিস্থিতিতে অত্যাবশ্যক বিবেচনা করলে সরকার জনস্বার্থে কোনো সিটি করপোরেশন ও পৌরসভার মেয়র এবং কাউন্সিলরকে অপসারণ করতে পারবে। একইভাবে জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্য এবং উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের অপসারণ করতে পারবে। একই সঙ্গে এগুলোতে প্রশাসক নিয়োগ দিতে পারবে সরকার।

মুজিবনগরে ইউপি চেয়ারম্যানকে বিতাড়িত করে পরিষদ কার্যালয়ে তালা

মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের দুই বারের চেয়ারম্যান মফিজুর রহমান মফিজকে বিতাড়িত করেছে এলাকাবাসী,ও তার মেয়াদের নির্যাতিত কয়েকজন মেম্বার।

আজ রবিবার সকালে, সরজমিনে গিয়ে জানা যায় গত ৫ই আগস্ট পরবর্তী সময়ের পর মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফিজুর রহমানের দীর্ঘ অনুপস্থিতির পর, আজ রবিবার, সকালে চেয়ারম্যান তার অফিস কার্যালয়ে

আসেন। পরে অত্র ইউনিয়নের বিভিন্ন গ্রামের লোকজন, সহ ৮ নং ৯ নং ৭ নং ৬ নং ১ নং ওয়ার্ডের মেম্বাররা ইউনিয়ন চত্বরে জড়ো হয়ে চেয়ারম্যান মফিজুর রহমানকে বিতাড়িত করে, পরিষদ কার্যালয়ে তালা মেরে দেয়।

এ বিষয়ে এলাকাবাসীর কাছে ঘটনার বিষয় জানতে চাইলে এলাকাবাসী বলেন চেয়ারম্যান মফিজ, সাবেক মন্ত্রীর ক্ষমতা ব্যবহার করে ইউনিয়ন পরিষদকে ব্যক্তিগত কাজে ব্যবহার, স্বজন প্রীতি ও মাদক সেবনের নিরাপদ আশ্রয়স্থল বানিয়ে রেখেছিল তাই আমরা তাকে বিতাড়িত করেছি।

এ বিষয়ে জানতে চাইলে ৮ নম্বর ওয়ার্ডের মেম্বার সিরাজুল ইসলাম বলেন আমি গত দুইবার জনগণের ভোটে মেম্বার হয়ে জনগণের কোন উপকার করতে পারেনি। কারণ হিসেবে তিনি বলেন আমি বিএনপি করার কারণে ওই চেয়ারম্যান আমাকে কোন কাজ বা উন্নয়নমূলক কোনো কাজে অংশগ্রহণ করতে দেয়নি এবং পরিষদে আসতেও বাধাগ্রস্থ করেছে, তাই আমি এলাকাবাসীর সাথে একাত্মতা ঘোষণা করেছি।

৯ নম্বর ওয়ার্ডের মেম্বার পালু বলেন চেয়ারম্যান মাদক সেবনকারী, তাই আমার গ্রামের মাদক সেবীদের সাথে আতাত করে আমাকে কোণঠাসা করে রেখেছে, তাই আমিও এলাকাবাসীর পক্ষে।

১ নম্বর ওয়ার্ডের মেম্বার হাবিবুর রহমান হাবিব বলেন, চেয়ারম্যান আমার বন্ধু এটা আমি বলি, কিন্তু ওই মফিজ আমাকে তো কোন ধরনের কাজ দেয়নি ও পরন্ত তার মাদক সেবী বাহিনী দিয়ে আমার উপরে হামলা করে ও মারাত্মক আহত করে। আমি কোন বিচার পাইনি, অবিলম্বে তার অপসারণ চাই।

এ বিষয়ে চেয়ারম্যান মফিজুরের আস্থাভাজন ৭ নং ওয়ার্ডের মেম্বার ডালিম বলেন আমি তেমন কিছু জানি না, বোর্ডে গিয়ে দেখি অনেক লোকজন চেয়ারম্যান কে পরবর্তী নির্দেশনা না আসা পর্যন্ত পরিষদে আসতে নিষেধ করে এবং পরিষদ চত্বরে তালা মেরে দেয়।

ঘটনার সত্যতা জানতে চেয়ারম্যান মফিজুর রহমানের সাথে মুঠোফোনে যোগাযোগ করলে তিনি বলেন, এ বিষয়ে কোন বক্তব্য দিবেন না।

এছাড়াও মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে জানতে চাইলে তিনি বলেন আমি এ বিষয়ে অবগত নয় এবং আমাকে কেউ জানায়নি, তবে আমি জানতে পারলে অবশ্যই আপনাদের বিস্তারিত জানাবো।

গাংনীর কাথুলী ইউপিতে মতবিনিময় সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে আইনশৃঙ্খলা, উন্নয়ন ও সেবা প্রত্যাশীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার সকাল দশটার সময় কাথুলী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা।

এ সময় ১ নং ওয়ার্ড ইউপি সদস্য বাবুল হোসেন, ২ নং ওয়ার্ড সদস্য জিনারুল ইসলাম, ৩ নং ওয়ার্ড সদস্য আশরাফুল আলম, ৫ নং ওয়ার্ড সদস্য ফারুক হোসেন, ৬ নং ওয়ার্ড সদস্য মোঃ হোসাইন, ৭ নং ওয়ার্ড সদস্য আজমাইন হোসেন, ৮ নং ওয়ার্ড সদস্য কাদের আলী, ৯নং ওয়ার্ড সদস্য আনারুল ইসলাম, সংরক্ষিত আসনের সদস্য ফরিদা বেগম, জোছনা আরা, আরিফা খাতুন ও ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা ইফতেখার আহমেদ সহ এলাকার সেবা প্রত্যাশী ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সভায় এলাকায় শান্তির শৃঙ্খলা রক্ষা, এলাকার উন্নয়ন, জনগণের সেবা সংক্রান্ত বিষয়ে নানা পদক্ষেপ গ্রহণ করা হয়।

এক মাস পর খুললো মেহেরপুরের সকল শিক্ষাপ্রতিষ্ঠান

দেশব্যাপী কোটা সংস্কার আন্দোলন ঘিরে সহিংসতা ও আওয়ামী লীগ সরকার পতনের পর পরিবর্তিত পরিস্থিতির কারণে দীর্ঘ এক মাস বন্ধ থাকার পর আজ খুলেছে মেহেরপুর সহ দেশের সব স্তরের

শিক্ষাপ্রতিষ্ঠান।

স্কুল কলেজ ও মাদ্রাসা গত ৭ আগষ্ট খুলে থাকলেও উপস্থিতি ছিল খুবই কম। নিরাপত্তার স্বার্থে অনেকেই সন্তানকে স্কুলে পাঠাননি। অবশেষে আজ রোববার মেহেরপুর সহ দেশের সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠান পুরো দমে খুলেছে।

সার্বিক দিক বিবেচনায় রেখে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিরাপত্তা জোরদার করা হয়েছে। মেহেরপুরে স্কুল ও কলেজের নিরাপত্তায় আরো কড়াকড়ি করেছে প্রতিষ্ঠান গুলো। শিক্ষার্থী ও অভিভাবক ছাড়া কাউকেই ভিতরে প্রবেশ করতে দেওয়া হচ্ছে না।

গত ১৫ আগস্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব মোছাঃ রহিমা আক্তারের সই করা বিজ্ঞপ্তিতে রবিবার (১৮ আগস্ট) থেকে বিশ্ববিদ্যালয়সহ শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সব শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেওয়ার কথা জানানো হয়।

উল্লেখ্য, গত ১৬ জুলাই বন্ধ ঘোষণা করা হয় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সব শিক্ষাপ্রতিষ্ঠান ও পলিটেকনিক ইনস্টিটিউট। একই দিন রাতে বন্ধ ঘোষণা করা হয় দেশের সব সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়।

ইউপি চেয়ারম্যান শাহ জামালের পদত্যাগের দাবিতে অবস্থান কর্মসূচি

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামালের পদত্যাগের দাবিতে ইউনিয়নবাসীর অবস্থান কর্মসূচি করে ।

আজ রবিবার (১৮ আগস্ট) সকাল ১০ টার সময় বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সামনে অবৈধ ইউনিয়ন চেয়ারম্যান শাহ জামালের পদত্যাগের দাবীতে বুড়িপোতা ইউনিয়ন বাসী এ অবস্থান কর্মসূচির পালন করে।

এ সময় অবস্থান কর্মসূচিতে এস এম সাইদুল রাজ্জাক টোটনের সভাপতিত্বে বক্তব্য রাখেন বুড়িপোতা ইউনিয়ন বিএনপি সিনিয়র সহ সভাপতি নাসির উদ্দিন, সহ-সভাপতি আব্দুল সামাদ, বুড়িপোতা ইউনিয়ন বিএনপি ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক বকুল মাস্টার, মেহেরপুর সদর স্বেচ্ছাসেবক দলের সভাপতি শহিদুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন যুবদলের সভাপতি মাজহারুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক সাঈদ হোসেন, যুবদলের সদস্য সচিব জিয়ারুল রহমান, যুবদলের সহ-সভাপতি মাসুদ রানা, যুবদলের প্রচার সম্পাদক রাশেদুল শরিফুল ইসলাম, মিজানুর রহমান, নীহার নবি প্রমুখ।

অবস্থান কর্মসূচিতে সঞ্চালনা করেন শরিফুল ইসলাম।

ইউপি চেয়ারম্যান মোমিনের পদত্যাগের দাবিতে অবস্থান কর্মসূচি

স্বৈরাচারী হাসিনা সরকারের আজ্ঞাবহ নির্বাচন কমিশনের পাতানো নির্বাচনের অবৈধ ফলাফলের ফসল বারাদী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিনের পদত্যাগ ও প্রশাসক নিয়োগের দাবীতে অবস্থান কর্মসূচি পালন করেছে ছাত্র জনতা।

মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউনিয়ন পরিষদ কার্যালয় চত্বরে আজ রবিবার (১৮ আগস্ট) সকালে এ অবস্থান কর্মসূচি পালন করা হয়।

বারাদী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন এর পদত্যাগ ও প্রশাসক নিয়োগের দাবীতে ইউনিয়নয়ের ষোল গ্রামের ছাত্র জনতা এ আন্দোলনে অংশ গ্রহণ করে। অনুষ্ঠানে বক্তারা বলেন, বর্তমান চেয়ারম্যান অবৈধ হাসিনা সরকারের অনির্বাচিত অবৈধ ফসল। অবিলম্বে আমরা তার পদত্যাগের দাবী জানাচ্ছি সেই সাথে নিরপেক্ষ নির্বাচন কমিশনের মাধ্যমে জনগণের ভোটের অধিকার ফিরিয়ে এনে জনগণের আশা ও আকাঙ্ক্ষার জনপ্রতিনিধি দেখতে চায়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আরজুল্লাহ রহমান বাবলু মাষ্টার, থানা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহঃ সভাপতি মাহফুজুর রহমান, ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক হুমায়ন কবির, জেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম সম্পাদক রাশেদুল ইসলাম রাজন, আলমগীর কবির, জাহাঙ্গীর হোসেন।

এ সময় উপস্থিত ছিলেন বিএনপি নেতা আব্দুল হামিদ লিপন মোল্লা, থানা যুব দলের সাধারণ সম্পাদক লিয়াকত আলী মেম্বার, ইউ পি সদস্য কামরুজ্জামান মুকুল, আফারুল ইসলাম ডাবলু, সংগ্রাম, লিটন প্রমুখ।

মেহেরপুরে জাতীয় শিক্ষক ফোরামের মানববন্ধন

মেহেরপুরে গণহত্যার বিচার বিতর্কিত কারিকুলাম বাতিল,শিক্ষাব্যবস্থা জাতীয়করণ এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার দাবিতে মানববন্ধন অনুষ্ঠান হয়েছে।

জাতীয় শিক্ষক ফোরাম মেহেরপুর জেলা শাখার আয়োজনে আজ শনিবার (১৭ আগস্ট) বিকেল ৫ টার সময় জেলা প্রশাসন কার্যালয়ের সামনে এই মানববন্ধন অনুষ্ঠান হয়।

মানববন্ধনের সভাপতিত্ব করেন, জাতীয় শিক্ষক ফোরাম মেহেরপুর জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি ও ইসলামি আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সহ-সভাপতি প্রভাষক খাদেমুল ইসলাম।

এ সময় সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক মোঃ রাশিদুল ইসলাম, সহ-সভাপতি মাওলানা তাজুল ইসলাম, মেহেরপুর জেলা শাখা মাওলানা সাদিকুর রহমান , ইমাম, জেলা মডেল মসজিদ, মোঃ নাহিদ, কাওসার আলী, মাওলানা রাসেল, মোঃ ইমামুল ইসলাম, সদস্য, হাফেজ লিয়াকত আলী, সভাপতি, মুজিবনগর উপজেলা ওলামা পরিষদ প্রমুখ উপস্থিত ছিলেন।

বেগম খালেদা জিয়ার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের আয়োজনে আপোষহীন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার ৮০ তম জন্মবার্ষিকীতে তার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। আজ শুক্রবার বিকেল ৫ টার সময় জেলা শিল্পকলা একাডেমীর সামনে দোয়া মাহফিল অনুষ্ঠান হয়।

পৌর বিএনপি নেতা আব্দুল বারীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর উপজেলা সদর বিএনপি সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন। এসময় বক্তব্য রাখেন স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মোল্লা মিন্টু।

আরও উপস্থিত ছিলেন সাবেক যুবনেতা রেজা, মশিউল আলম দিপু, ১ নম্বর ওয়ার্ড বিএনপির নেতা বজলুর রহমান বজু, মীর খোকন, বজলুর রহমান, স্বেচ্ছাসেবক দলের নেতা আসাদুল হক দল, সাইফুল ইসলাম আনসার ভিডিপি জামে মসজিদের পেশ ইমাম সাব্বির হোসেন, সাবেক ছাত্রনেতা শামীমুল ইসলাম, মুক্তা প্রমুখ।

মেহেরপুরের খোকসাতে প্রবাসীর বাড়িতে চুরি

মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামের শেখ পাড়ায় দিনে দুপুরে চুরির ঘটনা ঘটেছে। অপরদিকে গাংনী উপজেলার গাড়াবাড়িয়াতে চুরি করার ব্যর্থ চেষ্টা চালিয়েছে সংঘবদ্ধ চোর।

শুক্রবার দুপুরের পৃথক এ ঘটনা ঘটে।

জানা গেছে, সদর উপজেলার খোকসা শেখ পাড়ার সাবেক সেনা সদস্য আলিফ হোসেনের বাড়ির সদস্যরা বাচ্চার চিকিৎসার জন্য চিকিৎসকের কাছে। ওই সময় বাড়ি ফাঁকা পেয়ে বাড়ির মূল দরজার তালা ভেঙে চোরের দল বাড়িতে প্রবেশ করে। ঘরের আসবাবপত্র এলোমেলো করে এবং বিভিন্ন ড্রয়ার ভাংচুর করে প্রায় ৭০০ আমেরিকান ডলার, স্বর্নের দুল ও আংটি চুরি করে নিয়ে যায় সংঘবদ্ধ চোরের দল।

আলিফ হোসেনের বড় ছেলে রাশিদুল ইসলাম রনি জানান, চিকিৎসক দেখিয়ে সন্ধ্যার দিকে বাড়ি এসে দেখি দরজার তালা ভাঙা। পরে ঘরে ঢুকতেই দেখি ঘরের দরজার তালাও ভাঙা, বিভিন্ন ড্রয়ার ভাঙা। তখন বুঝতে পারেন বাড়িতে চুরি হয়েছে। তিনি জানান, আমি কানাডা প্রবাসি। ছুটিতে বাড়িতে এসে ঘরে কিছু ৭০০ আমেরিকান ডলার সংগ্রহ করে রেখেছেন আবার বিদেশ যেতে লাগবে বলে। চোররা তারা জমানো ওই ডলার, সোনার তৈরি কানের দুল ও আংটি চুরি করে নিয়ে যায়। যার আনুমানিক মূল্য দেড় লাখ টাকা হবে।

এ ব্যাপারে মেহেরপুর সদর থানায় একটি লিখিত অভিযোগ করেছে রাশিদুল ইসলাম রনি।

অপরদিকে, দুপুরের গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া হাটপাড়ায় প্রাথমিক শিক্ষক আকমল হোসেনের বাড়িতে মুখে কাপড় বেধে হাতে ধারালো অস্ত্র নিয়ে এক চোর প্রবেশ করে। ওই চোর ঘরে প্রবেশ করার সময় ওই শিক্ষকের মেয়ে দেখে চিৎকার শুরু করে। চিৎকার শুনে বাড়ির ছাদ লাফিয়ে পাশের বাগান দিয়ে পালিয়ে যায়।

হঠাৎ করে এ ধরণের চুরির ঘটনায় জেলা জুড়ে আতঙ্ক তৈরি হয়েছে।